India to push for swapping of enclaves with Bangladesh

Biswajit Roy/SNS

KOLKATA, Dec. 17. — Alarmed over the increasing terror attacks in Bangladesh as well as illegal immigration from that country, the Centre has decided to take up afresh the proposal for swapping of *chhitmahals*, or enclaves, in Cooch Behar.

Also, there are plans to complete the first phase of border fencing by April 2006, before the Assembly polls in West Bengal and Assam.

The Union home minister, Mr Shivraj Patil, will visit Tinbigha in Cooch Behar on 2 January and leave for Assam the same day.

According to a state home department official, Mr Patil will visit the BSF post at Tinbigha and speak to locals to "gauge the mood on the ground" before taking up the enclave-swapping issue with Dhaka.

There are 111 Indian enclaves inside Bangladesh, while 51 Bangladeshi enclaves are encircled by Indian territory, a queer legacy of Partition and accession of the former princely state of Cooch Behar to India. The two countries had first agreed to swap enclaves when

The Union home minister will visit the BSF post at Tinbigha and speak to locals to gauge the mood on the ground

Sheikh Mujibur Rahman was in power in the early 1970s. Since then, no substantial progress has been made except for the opening of the Tinbigha corridor connecting three enclaves – Dahagram, Angerpota and Kutchbari.

The issue resurfaced recently on the sidelines of the Saarc summit in Dhaka, said an official. It seems that the Union home ministry is serious about pushing the exchange of enclaves. The ministry asked the registrar-general's office as well as the state government to stop registration of land sale or transfer deeds in the area surrounding the enclaves a few months ago.

The move also got a boost after the recent visit of the Chief Election Commissioner, Mr BB Tandon, to Cooch Behar. Residents of the enclaves complained that they had been living as "stateless persons". The Indian enclaves in Bangladeshi territory comprise 17,000 acres.

The Union home ministry has asked the state government to facilitate acquisition of 63 acres in six districts by the end of December. The land is required for speeding up the first phase of the border fence due to be completed by April 2006. Around 600 km of the 2,220 km Indo-Bangla border is riverine, while the 1,600 km land border is porous. The border fence has been erected along 1,200 km so far, an official said.

The Centre has sought information on nine border districts of the state in a bid to gear up infrastructure development under the Border Areas Development Project. The Centre has asked the state not to divert funds allocated for the project.

The state has received Rs 38 crore this year, far less than the original allocation of Rs 45 crore. This is because the state failed to submit utilisation certificates for earlier funds, an official admitted.

18 DEC 2005 THE STATESMAN

মতৈক্য দিল্লি-ঢাকার

বন্দিদের সঙ্গে কথা বলতে পারবে দূতাবাস

অগ্নি রায় ● নয়াদিল্লি

২৭ অক্টোবর: ভারতীয় অফিসারেরা কি এ বার সরাসরি বাংলাদেশের জেলে গিয়ে নাগা জঙ্গি নেতা রঞ্জন দইমারিকে জেরা করতে পারবেন? সেই জেরা থেকে কি বেরিয়ে আসতে পারে বাংলাদেশে আশ্রয় নেওয়া অন্য জঙ্গিদের ঠিকানা আর কার্যকলাপের বিস্তারিত তথ্য?

সে দিন বোধহয় আর খুব দূরে নয়। কারণ, দু'দেশের জেলে বন্দিদের সঙ্গে দূতাবাসের মাধ্যমে যোগাযোগের জন্য চুক্তি করতে চলেছে ভারত-বাংলাদেশ। সার্কের আগে এই চুক্তিতে নীতিগত ভাবে সম্মত হয়েছে ঢাকা। আজ দু'দেশের স্বরাষ্ট্রসচিব পর্যায়ের বৈঠকে এ বিষয়ে মতৈক্য হয়েছে বলে জানা গিয়েছে।

চুক্তিটি রূপায়িত হলে যে সব ভারতীয় অপরাধী, জঙ্গি বাংলাদেশে আশ্রয় নিয়েছে, তাদের সম্পর্কে তথ্য জানা এবং তা নিয়ে ঢাকাকে কূটনৈতিক পথে চাপ দেওয়া ভারতের পক্ষে তুলনায় সহজ হবে। ভারতীয় দূতাবাসের অফিসাররেরা বাংলাদেশের জেলে বন্দি ভারতীয় অপরাধীদের সঙ্গে দেখা করতে পারবেন। তার সঙ্গে কথাবার্তা বলে এ সংক্রান্ত নানা তথ্য নিতে পারবেন। একই ভাবে, ভারতে বাংলাদেশ দূতাবাসও ভারতের জেলে বাংলাদেশি অপরাধীর সঙ্গে যোগাযোগ করতে পারবে। ভারত দীর্ঘদিন ধরেই বিষয়টি নিয়ে ঢাকার উপর চাপ বাড়াচ্ছিল। জুন মাসে ঢাকায় বিদেশসচিব পর্যায়ের বৈঠকেও প্রসঙ্গটি ওঠে। কিন্তু বরফ গলেনি। ভারতের অনেক দিনের অভিযোগ, ভারতে সক্রিয় বহু জঙ্গি সংগঠনের শীর্ষ নেতা বাংলাদেশে 'আটক' রয়েছে। অনেকে সপরিবার বহাল তবিয়তে সেখানে বসবাস করছে। আলফার চিফ ইন কমান্ড পরেশ বরুয়া দীর্ঘ দিনই বাংলাদেশে রয়েছেন। আর এক আলফা শীর্ষ নেতা অনুপ চেতিয়া জেলের মেয়াদ ফুরনোর পরে ও দেশে মুক্ত জীবনই যাপন করছেন। তবে এখনও জেলে আটক রয়েছেন, রঞ্জন দইমারি (প্রেসিডেন্ট, এনডিএফবি), জুলিয়াস দোরফাং (চেয়ারম্যান, এইচএনএলসি), বিশ্বমোহন দেববর্মা (প্রেসিডেন্ট, এনএলএফটি)।

নয়াদিল্লির কাছে যথেষ্ট তথ্যপ্রমাণ রয়েছে যে, এই সব নেতার সঙ্গে পাক গোয়েন্দা সংস্থা আইএসআই এবং বাংলাদেশ সিকিউরিটি এজেন্সির যোগাযোগ রয়েছে। এদের বেশির ভাগই বাংলাদেশের পাসপোর্ট ব্যবহার করে। বাংলাদেশকে বারবার বলা সত্ত্বেও তারা বিশেষ আমল দেয়নি। আজকের চুক্তির ফলে 'আটক এই জঙ্গি নেতাদের সঙ্গে সরাসরি যোগাযোগ করা যাবে বলে আশা করা হচ্ছে। তাঁদের সঙ্গে কথা বলে বাংলাদেশে ভারতীয় জঙ্গিদের কাজকর্মের পরিধি সম্পর্কেও আরও অনেক তথ্য বেরিয়ে আসতে পারে।

আজকের বৈঠকে নয়াদিল্লি যথেষ্ট খুশি। সরকারি ভাবে অবশ্য আজ এ নিয়ে কেউই মুখ খুলছেন না। কেন্দ্রীয় স্বরাষ্ট্রসচিব ভি কে দুগ্গল শুধু বলেন, "বৈঠক যে ভাবে এগোচ্ছে, তাতে আমি খুশি। কথাবার্তা ইতিবাচক দিকেই যাচ্ছে।" বাংলাদেশের স্বরাষ্ট্রসচিব সফর রাজ হুসেনও এর প্রতিধ্বনি করেন। সীমান্তের দেড়শো গজের মধ্যে নির্মাণ-বিতর্ক নিয়েও আজ তুলনামূলক ভাবে নরম হয়েছে ঢাকা। এত দিন বাংলাদেশ ভারতকে এই নির্মাণে বাধা দিচ্ছিল। এই নিয়ে সীমান্তে বিডিআর বিএসএফ-এর মধ্যে গুলিগোলাও চলেছে। আজ বাংলাদেশ জানিয়েছে, তারা এক একটি নির্মাণ ধরে ধরে বিবেচনা করতে রাজি।

তবে বাংলাদেশ সীমান্তে ভারত-বিরোধী জঙ্গিশিবির এবং অনুপ্রবেশ নিয়ে তার কড়া মনোভাব আজ ফের জানিয়েছে ভারত। জানানো হয়েছে, বিডিআর সম্পর্কে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রকের কাছে বারবার যে রিপোর্ট এসেছে, তা যথেষ্ট উদ্বেগজনক। ভারত বারবার স্মরণ করিয়ে দিয়েছে যে, বাংলাদেশের মাটি ইসলামি মৌলবাদী ডেরা হিসাবে ব্যবহৃত হচ্ছে। প্রায় চল্লিশ হাজার 'কউমি' মাদ্রাসায় ভারত-বিরোধী নাশকতার প্রশিক্ষণ দেওয়া হচ্ছে।

দুই দেশের সীমান্তে প্রচুর ফাঁকফোক র রয়ে গিয়েছে। ভারত একটি রিপোর্ট ঢাকাকে দিয়ে বলেছে, অনুপ্রবেশকারীরা অসম এবং পশ্চিমবঙ্গের জনসংখ্যার চরিত্রই বদলে দিয়েছে। এরই সঙ্গে উত্তর-পূর্বাঞ্চলের আইআইজি (ইন্ডিয়ান ইনসারজেন্ট গ্রুপ) বাংলাদেশের মদতে শক্তি বাড়াচ্ছে। ত্রিপুরার এনএলএফটি, এটিটিএফ, অসমের আলফা, এনডিএফবি, মেঘালয়ের এইচএনএলসি, নাগাল্যান্ডের এনএসসিএন (খাপলাং) এবং মণিপুরের ইউএনএলএফ-এর মতো সংস্থা প্রশিক্ষণ, আশ্রয়, অস্ত্রের ভাঁড়ার এবং পরিবহণের জন্য বাংলাদেশের মাটিকে কাজে লাগাচ্ছে। প্রধানত মৌলবিবাজার, রাঙামাটি, চট্টগ্রাম, হবিগঞ্জ, খাগড়াছড়ি, বান্দরবন, শ্রীহট্ট, ময়মনসিংহ, কুড়িগ্রাম, কুমিল্লা এবং ঢাকায় এদের শিবির ছড়ানো।

ANADABAZAR PATRIKA

আল কায়দা, সীমান্তের কথা বলে ঢাকাকে চাপ দেবে দিল্লি

অগ্নি রায় ● নয়াদিল্লি

১৬ অক্টোবর: সন্ত্রাসের অভিযোগ বা নিরাপত্তায় ত্রুটি-বিচ্যুতির কথা বলে সার্ক সম্মেলন বানচাল করবে না ভারত। কিন্তু সার্কের আগে দিল্লিতে দু'দেশের কেন্দ্রীয় স্বরাষ্ট্রসচিব পর্যায়ের বৈঠকে (২৭ এবং ২৮ অক্টোবর) ঢাকার সামনে যাবতীয় তথ্য তুলে কূটনৈতিক চাপ তুঙ্গে নিয়ে যাওয়ার প্রস্তুতি নিচ্ছে ভারত।

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক সূত্রে জানা গিয়েছে, ভারত-বিরোধী জঙ্গি ঘাঁটি ধ্বংস, জঙ্গি প্রত্যর্পণ, সীমান্তে বি ডি আর-এর আপত্তিজনক আচরণ, অবৈধ মাদ্রাসা, অনুপ্রবেশ প্রসঙ্গের সঙ্গেই ওই বৈঠকে বাংলাদেশের কাছে ভারত সর্বাধিক গুরুত্ব দিয়ে তুলে ধরবে দু'টি বিষয়:

এক) দু'দেশের মধ্যে ৪০৯৬ কিলোমিটার দীর্ঘ সীমান্তে কাঁটাতারের বেড়া দেওয়ার কাজ অবিলম্বে শেষ করতে হবে। পুরোপুরি বন্ধ করে দিতে হবে সীমান্ত। বর্তমানে যা রয়েছে, তার থেকে অনেকাংশে বাড়াতে হবে নজরদারির মাত্রা। এ ক্ষেত্রে যৌথ সমন্বয়ের কথা এখনও কাগজেকলমে রয়েছে। এ বার তাকে বাস্তবায়িত করতে হবে। জানানো হবে, বাংলাদেশ থেকে অনুপ্রবেশকারীর সংখ্যা পশ্চিমবঙ্গে সর্বাধিক (৮০ লক্ষ ছাড়িয়েছে)। ত্রিপুরার (৩.৭৫ লক্ষ) পরিস্থিতিও উদ্বেগজনক।

দুই) বাংলাদেশের মাটিতে আলফার গতিবিধি নিয়ে এর আগে বেশ কয়েক বার বিভিন্ন মঞ্চে ঢাকার কাছে অভিযোগ জানিয়েছে ভারত। আলফার সঙ্গে শান্তি-আলোচনার প্রাক্কালে তা নিয়ে আর অতিরিক্ত হইচই করতে চাওয়া হচ্ছে না। কিন্তু বাংলাদেশ সম্পর্কে যে নতুন এবং মারাত্মক অভিযোগটি কেন্দ্রীয় এবং অন্যান্য গোয়েন্দা সূত্রে পাওয়া গিয়েছে, তার প্রতিকার চাওয়া হবে বাংলাদেশের স্বরাষ্ট্রসচিবের কাছে। অভিযোগটি হল, আল কায়দা গোষ্ঠী মদত পাচ্ছে বিশ্বের তৃতীয় বৃহত্তম মুসলিম জনগোষ্ঠীর ওই দেশে। এবং খুব সহজেই এই গোষ্ঠীর কিছু সদস্য নাশকতার পরিকল্পনা নিয়ে সীমান্ত পার হয়ে পশ্চিমবঙ্গ তথা কলকাতায় চলে আসছে। এই নিয়ে পশ্চিমবঙ্গ সরকারের কাছে থেকে নেওয়া রিপোর্টও বিবেচনায় রাখছে দিল্লি। মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যের উদ্বেগও পৌঁছে দেওয়া হবে খালেদা সরকারের কাছে।

একের পর এক বিস্ফোরণ, রাজনীতির দুর্বৃত্তায়ন, সন্ত্রাসবাদীদের আশ্রয় দেওয়ার অভিযোগ ঘিরে এই মুহূর্তে যথেষ্টই অস্থিরতা চলছে বাংলাদেশে। এরই মধ্যে সে দেশে সাধারণ নির্বাচন এগিয়ে আসছে। ভারতীয় গোয়েন্দাদের আশঙ্কা, খালেদার ভারত-বিরোধী অবস্থান এখন ঘরোয়া রাজনীতির জন্যই আরও কট্টর হবে। আর সেই আশঙ্কাতেই আসন্ন বৈঠকে যথেষ্ট আক্রমণাত্মক থাকবে দিল্লি। জানিয়ে দেওয়া হবে, বারবার নির্ধারিত হয়েও বিভিন্ন কারণে ভেস্তে যাওয়া সার্ক ফের পণ্ড করার অভিপ্রায় ভারতের নেই। সার্কের বহুপাক্ষিক অর্থনৈতিক বিষয় নিয়ে আলোচনার ফায়দা তুলতে আগ্রহী ভারতও। তবে দেশের নিরাপত্তার প্রশ্নটিকে শিকেয় তুলে নয়। সীমান্ত বন্ধ করে দেওয়া এবং আল কায়দার প্রশ্নে কোনও ভাবেই সমঝোতা করা হবে না।

বৈঠকের প্রস্তুতির জন্য যে খসড়া কর্মসূচি পত্র তৈরি করা হচ্ছে, তাতে বলা হয়েছে, জামাত-ই ইসলামি এবং ইসলামি ঐক্য জোট— খালেদার জোট সরকারের এই দু'টি শরিক দল হিংসায় মদত দিচ্ছে। এক গোয়েন্দা কর্তার কথায়, "গত তিন বছরে পাকিস্তানে ইসলামি জেহাদিদের বিরুদ্ধে চাপ বেড়ে যাওয়ায় তাদের পক্ষে বাংলাদেশ এখন নতুন স্বর্গ। বাংলাদেশ প্রশাসনের একটা অংশ এই বাড়বাড়ন্তে প্রত্যক্ষ ভাবে মদত দিয়ে চলেছে।" সম্প্রতি কলকাতায় আল কায়দার নামে কুপন বিক্রির ঘটনাটিও এই প্রসঙ্গে যথেষ্ট তাৎপর্যপূর্ণ বলে মনে করছে কেন্দ্র।

Khaleda's doublespeak

Delhi must shake off its indifference

It can safely be said that Khaleda Zia government's too-clever-by-half approach towards India in recent months has brought about a new low in Indo-Bangladesh ties. And what better example could there be than the recent contradictory statements of the Bangladesh Rifles Director General, blaming India for the synchronised serial blasts in his country in August last, and the Bangladesh foreign minister Morshed Khan, who dismissed the comment as inconsequential. Double-speak marks the Khaleda regime's approach to India. Time and again it has resorted to this strategy to wriggle out of difficulty. There was no ambiguity in the BDR chief blaming India for the blasts. He said this before hordes of Indian media persons whilst representing his country at the annual meeting with his Indian counterpart, the Director-General of BSF. He couldn't have levelled such a serious charge without clearance from Dhaka because this was the first time the Khaleda regime was officially blaming India for the synchronised serial bombing. While Morshed Khan himself had been privately telling the British High Commissioner and other foreign envoys based in Dhaka about the "direct Indian involvement in the blasts", the BDR chief's public charge has come as a shock to Delhi. South Block was justifiably incensed. So Morshed had to swing into action because the fear of another Indian boycott of next month's twice postponed SAARC summit in Dhaka haunts the Khaleda regime.

What is most reprehensible about Dhaka's double speak is that while it has been detaining activists of various Islamist outfits for suspected involvement in the serial blasts, it has also been blaming India. New Delhi has also been accused of killing the Awami League leader SAMS Kibria in a grenade blast and of engineering the grenade attack on Awami League chief, Sheikh Hasina. A government-appointed commission blamed India for attempting to kill her. The Manmohan Singh government, like the previous Vajpayee-led BJP regime, has been taken for granted by Khaleda. This is because of Delhi's continued indifference to ground realities in Bangladesh and its obsession with Pakistan. Except for making routine noises, it prefers to overlook the threat that the Khaleda regime poses to India's security. Delhi can afford to pursue such a policy only at its own peril.

THE STATESMAN

Blasts shadow on Bangla armymen

NEW DELHI, Oct. 5. — Denying the Bangladesh Rifles DG's allegation that Indians were involved in the 17 August blasts in that country, Indian intelligence agencies have said it was ex-army officers from Bangladesh who "trained the 60-member team" which was assigned to trigger the explosions.

Indian intelligence agencies also questioned the role of the Bangladesh intelligence agency DGFI (Director General of Forces Intelligence) in imparting training to those who had planted over 500 bombs in Bangladesh on 17 August. They have, in a report to the home ministry, questioned the role of "certain dubious DGFI" officials and ex-armymen in Bangladesh in training militant Muslim organisations. Referring to certain revelations made by the Detective Branch (DB) of Bangladesh Police, the Indian intelligence agencies named some ex-army officials who had close links with Jamaatul Mujahideen Bangladesh (JBM).

So far the DB, the principal agency investigating the blasts, has found no Indian link. In fact, it arrested a Bangladesh Army lance corporal, Harun-ul-Rashid, on 20 September for training a JBM bomb squad in Mirpur. Apparently, Harun-ul-Rashid was picked up after another suspect, Sumon, had been grilled. "Sumon also named a retired honourary army captain of Bangladesh, Mohiuddin," said an Intelligence official. — **Vijay Thakur**

THE STATESMAN

ঢাকায় মনমোহনের উপর হামলার আশঙ্কা, রিপোর্ট গোয়েন্দাদের

স্টাফ রিপোর্টার, নয়াদিল্লি, ৪ অক্টোবর: বাংলাদেশে আসন্ন সার্ক সম্মেলনে মনমোহন সিংহের যোগদান ফের প্রশ্নচিহ্নের মুখে।

বাংলাদেশে তাঁর উপরে জঙ্গি হামলার আশঙ্কা আছে বলে গোয়েন্দা দফতর সম্প্রতি রিপোর্ট জমা দিয়েছে। রিপোর্ট পেয়ে জাতীয় নিরাপত্তা উপদেষ্টা এম কে নারায়ণন আইবি, র এবং এসপিজি প্রধানদের সঙ্গে এক দফা বৈঠক করেছেন। গোয়েন্দা দফতরের মতে, বাংলাদেশে পরপর বিস্ফোরণের ঘটনার পরে নভেম্বরে মনমোহনের সেখানে না যাওয়াই ভাল। প্রধানমন্ত্রীর সচিবালয় সূত্রে এই খবর জানিয়ে বলা হয়েছে, প্রধানমন্ত্রী নিজে কিন্তু এখনও সফর বাতিলের পক্ষপাতী নন। এই অবস্থায় বাংলাদেশে তাঁর বাড়তি নিরাপত্তার জন্য পরিকল্পনা করছেন নিরাপত্তার ভারপ্রাপ্ত কর্তারা।

আগের বার নিরাপত্তার কারণ দেখিয়েই সার্ক সম্মেলন যাওয়া বাতিল করেন মনমোহন। সম্মেলনও স্থগিত হয়ে যায়। ক্ষমতা দখলকারী নেপালের রাজার সঙ্গে সাক্ষাৎ এড়ানো ছাড়াও ঢাকাকে চাপে রাখতে চেয়েছিল দিল্লি। সেই সম্মেলনের আগেই আওয়ামি লিগের সভায় বিস্ফোরণে নিহত হন সে দেশের প্রাক্তন জলসম্পদ মন্ত্রী। ওই অবস্থায় মনমোহনের ঢাকা যাওয়া সমীচীন মনে করেনি দিল্লি।

তার পরে বাংলাদেশের নিরাপত্তা পরিস্থিতি নিয়ে ভারতের আশঙ্কা বরং বেড়েইছে। ১৭ অগস্ট বাংলাদেশে ৬৩টি জেলায় ৪৫৩টি বিস্ফোরণ ঘটে। কালও তিনটি আদালতে বিস্ফোরণ ঘটে। দু'টি ক্ষেত্রেই নিষিদ্ধ সংগঠন জামাতুল মুজাহিদিনের যোগাযোগের প্রমাণ পাওয়া গিয়েছে। ভারতীয় গোয়েন্দাদের মতে, সে দেশে ইসলামি জঙ্গি সংগঠন যে কতটা ঘাঁটি গেড়েছে, একের পর এক পরিকল্পিত বিস্ফোরণ তারই প্রমাণ। তাঁদের মাথাব্যথার আর একটি বড় কারণ ভারত-বিরোধী জঙ্গিদের উপস্থিতি। বাংলাদেশে আলফা-সহ জঙ্গিদের ঘাঁটি ভেঙে দেওয়ার জন্য দিল্লি বারবার দাবি জানালেও ঢাকা বিশেষ কর্ণপাত করেনি। ফলে ঢাকায় প্রধানমন্ত্রীর উপরে হামলার আশঙ্কা যথেষ্টই বলে রিপোর্ট।

তবে প্রধানমন্ত্রী নিজে এখনও সফর বাতিলের পক্ষপাতী না হওয়ায় নারায়ণন তাঁর নিরাপত্তা নিয়ে দফায় দফায় আলোচনা করছেন। ইতিমধ্যে বেশ কয়েকটি ব্যবস্থার কথা ভাবা হয়েছে। যেমন প্রধানমন্ত্রী দেশে যে বিএম ডব্লিউ ব্যবহার করেন, সেই গাড়ি এবং তাঁর নিরাপত্তা কনভয়ের সব গাড়িই বাংলাদেশে নিয়ে যাওয়া হবে। এসপিজি- সদস্যদের সংখ্যা বাড়ানো হবে যাতে মনমোহনের নিরাপত্তার দায়িত্ব বাংলাদেশের নিরাপত্তা বাহিনীর উপর কম থাকে। প্রধানমন্ত্রী একা যাবেন এবং সফরের সময়সীমা কমবে।

জঙ্গি তৎপরতা, অনুপ্রবেশ-সহ বিভিন্ন বিষয়ে ঢাকার উপরে যথেষ্ট রুষ্ট দিল্লি। সম্প্রতি রাষ্ট্রপুঞ্জের অধিবেশনের সময়ে অনেক রাষ্ট্রপ্রধানের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করলেও খালেদার সঙ্গে বৈঠকের প্রস্তাব এড়িয়ে যায় ভারতীয় শিবির। দিন কয়েক আগে বাংলাদেশ রাইফেলস-এর প্রধান যে ভাবে অগস্ট বিস্ফোরণের জন্য ভারতকে দায়ী করেছেন তাতে বিরূপতা আরও বেড়েছে। তা-ই বলে সার্ক সম্মেলনে যাওয়া বাতিল করা হবে, এখনই এমন কোনও ইঙ্গিত সরকারি সূত্র থেকে মেলেনি।

সন্ত্রাস নিয়ে ঢাকার প্রতি কড়া হতে চাপ কেন্দ্রকে

স্টাফ রিপোর্টার, নয়াদিল্লি, ১ অক্টোবর: এত দিনের নরম মনোভাব ত্যাগ করে বাংলাদেশের ব্যাপারে ভারত কি এ বার কড়া হতে চলেছে?

প্রধানমন্ত্রী মনমোহন সিংহ এবং ইউপিএ-র চেয়ারপার্সন সনিয়া গাঁধীর উপরে এ ব্যাপারে প্রবল চাপ সৃষ্টি করেছেন কেন্দ্রীয় মন্ত্রিসভারই বেশ কয়েক জন সদস্য। এর পাশাপাশি মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যও চাইছেন, সে দেশের মাটিতে ভারত-বিরোধী কার্যকলাপ সম্পূর্ণ বন্ধ করতে বাংলাদেশকে এ বার যথাযথ চাপ দেওয়া হোক।

প্রধানমন্ত্রী এত দিন এ ব্যাপারে 'ধীরে চলো' নীতি নিয়ে চলছিলেন। কিন্তু কাল বাংলাদেশ রাইফেলসের (বিডিআর) প্রধান যে ভাবে কূটনৈতিক ভব্যতা বিসর্জন দিয়ে দিল্লিতে দাঁড়িয়ে ভারত-বিরোধী বক্তব্য রেখেছেন, তাতে সরকারের ভিতরেই প্রবল প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে। আজ সারা দিন সরকারের নানা স্তরে বিষয়টি নিয়ে আলোচনা হয়। ঠিক হয়, বিডিআর প্রধান বাংলাদেশে বিস্ফোরণের জন্য ভারতকে দায়ী করলেও সরকার বিষয়টিকে গুরুত্ব দেবে না। এ ব্যাপারে বিএসএফ প্রধান যা বলেছেন, সেটাই যথেষ্ট। তার বেশি বলাটা অর্থহীন। কারণ অভিযোগটা সম্পূর্ণ অবাস্তব।

বাংলাদেশের স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী লুৎফুজ্জমান বাবর অবশ্য আজ আর ১৭ অগস্টের লাগাতার বিস্ফোরণের জন্য ভারতের উপরে দোষ চাপাননি। ঢাকা থেকে নিজস্ব সংবাদদাতা জানাচ্ছেন, এ দিন খানিকটা আত্মসমালোচনার ভঙ্গিতে বাবর বলেছেন, "আগে আমরা ভাবতাম বাংলাদেশে মৌলবাদ ও সন্ত্রাসবাদের কোনও অস্তিত্ব নেই। কিন্তু এই বিস্ফোরণ আমাদের ধারণাটা পাল্টে দিয়েছে।" দেশের ৬৩টি জেলায় ঘটা বিস্ফোরণের তদন্তের জন্য এ দিন ৬৩টি কমিটি গড়েছে খালেদা জিয়া সরকার।

সন্ত্রাসবাদ নিয়ে এই 'আত্মোপলব্ধি'র পাশাপাশি দিল্লির চাপের মুখেও পড়তে চলেছে বাংলাদেশ। সে দেশে ভারত-বিরোধী কার্যকলাপ বন্ধের জন্য এ বার খালেদা সরকারকে চাপ দেওয়া হবে বলে ঠিক করেছে মনমোহন সরকার। সরকারের একাংশ সার্ক সম্মেলন বয়কট করার প্রস্তাব দিয়েছিলেন। কিন্তু মনমোহন সিংহ বা সনিয়া গাঁধী এখনও পর্যন্ত এই প্রস্তাবে রাজি নন।

কেন তিনি বাংলাদেশ সম্পর্কে নরম মনোভাব নিচ্ছেন? এই প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী সরকারের শীর্ষ নেতাদের বলেছেন, প্রকাশ্যে বাংলাদেশের কূটনৈতিক বিরোধিতা করা হলে পাকিস্তানের মতো দেশ অহেতুক সুবিধা পেয়ে যেতে পারে। এমনিতেই বাংলাদেশের পাক হাইকমিশন বিশেষ ভাবে সক্রিয় বলে গোয়েন্দারা নিয়মিত রিপোর্ট দিচ্ছেন। আগে ভারতের পশ্চিম উপকূলবর্তী এলাকায় জঙ্গি তৎপরতা বেশি ছিল। কিন্তু মুম্বই বিস্ফোরণের পরে এই এলাকায় নজরদারি অনেকটাই বেড়ে যাওয়ায় পাকিস্তান তথা আইএসআই রণকৌশল বদলে পূর্ব উপকূলবর্তী সীমান্তকে অগ্রাধিকার দেয়। আর তখনই তাৎপর্যপূর্ণ হয়ে ওঠে বাংলাদেশের 'জিও স্ট্র্যাটেজিক' অবস্থান। এখনও বাংলাদেশকে 'বাফার' রাষ্ট্র হিসাবে ব্যবহার করার চেষ্টা হচ্ছে। ভারত সে ব্যাপারে খালেদা জিয়ার সরকারকে সতর্ক করা সত্ত্বেও তারা সে ভাবে ব্যবস্থা নেয়নি। প্রতিরক্ষামন্ত্রী প্রণব মুখোপাধ্যায়ের কাছে আসা গোয়েন্দা রিপোর্ট থেকে জানা যাচ্ছে, বাংলাদেশের মাটিতে জঙ্গি ঘাঁটি এবং প্রশিক্ষণ কেন্দ্র রমরমিয়ে চলছে। পরেশ বরুয়ার মতো আলফা নেতাদের বাংলাদেশে আশ্রয় দেওয়া হয়েছে।

মনমোহন সিংহ প্রধানমন্ত্রী হওয়ার পরে বিমস্টেক এবং আসিয়ান সম্মেলনে খালেদার সঙ্গে আলাদা করে বৈঠক করেছিলেন। তখন জাতীয়

এর পর আটের পাতায়

বিস্ফোরণের জন্য দায়ী ভারত, দুষলেন বিডিআর-কর্তা

স্টাফ রিপোর্টার, নয়াদিল্লি, ৩০ সেপ্টেম্বর: সার্ক সম্মেলনের আগে আবার তেতে উঠল ভারত-বাংলাদেশ সম্পর্ক। বিষয় সেই সন্ত্রাস।

খাস দিল্লিতে আজ বাংলাদেশ রাইফেলস-এর ডিজি প্রকাশ্যে অভিযোগ করলেন, অগস্টে বাংলাদেশে পর পর বিস্ফোরণের জন্য দায়ী ভারতীয় অপরাধীরাই। বাংলাদেশের মাটিতে ভারত-বিরোধী জঙ্গি শিবিরের অস্তিত্বের অভিযোগ উড়িয়ে দিয়ে তাঁর পাল্টা অভিযোগ, ভারতই সন্ত্রাস পাচার করছে ঢাকায়। সাংবাদিক সম্মেলনে তাঁর এই নজিরবিহীন আচরণে ক্ষোভ জানাতে দেরি করেনি ভারত।

সাংবাদিক সম্মেলনেই এই অভিযোগের জবাব দেন বিএসএফ-এর ডিজি। কিন্তু বিষয়টা যে আরও অনেক দূর গড়াবে, তার ইঙ্গিত দিয়ে বেশি রাতে কড়া বিবৃতি দেয় বিদেশ মন্ত্রক। তাতে বলা হয়েছে, ভারত এই অভিযোগে ক্ষুব্ধ ও মর্মাহত। এই অভিযোগ ভিত্তিহীন এবং কুৎসামূলক। বিশেষত, বন্ধু দেশের বিরুদ্ধে যে ভাবে অভিযোগ আনা হয়েছে, তাতে ভারত আরও মর্মাহত। কূটনৈতিক মহলের খবর, বিদেশ মন্ত্রক ইদানীং ঢাকার ব্যাপারে নরম নীতি নিয়ে চলার পক্ষপাতী হলেও আজকের ঘটনা নিয়ে যথেষ্ট জলঘোলা হতে পারে। সার্ক সম্মেলনের উপার এর পরোক্ষ প্রভাব পড়বেই।

পারস্পরিক সমঝোতা বাড়ানোর জন্য বিএসএফ-বিডিআর-এর তিন দিনের যে বৈঠক আজ শেষ হল, তার পরিণতি যে এমন দাঁড়াতে পারে, তা কেউই আন্দাজ করতে পারেননি। আজ নিয়মমাফিক যৌথ বিবৃতি প্রকাশের সম্ভাবনাও ছিল। কিন্তু যৌথ বিবৃতি দূর অস্ত, বৈঠক শেষের সাংবাদিক সম্মেলন কার্যত যেন 'সীমান্ত-সংঘর্ষে' পরিণত হল। বিশেষত বিডিআর-এর ডিজি জাহাঙ্গির আলম চৌধুরী যে ভাবে বিস্ফোরক অভিযোগ আনেন, তা স্পষ্টতই নজিরবিহীন। বিএসএফ-এর ডিজি পাল্টা জবাব দিতে দেরি করেননি। পরিস্থিতি এতটাই



শুরু হয়েছিল করমর্দন দিয়ে। শুক্রবারের বৈঠকে বিডিআর-বিএসএফের দুই কর্তা। — পি টি আই

উত্তপ্ত হয়ে ওঠে যে, সৌজন্য বা প্রোটোকল ভুলে গিয়ে দুই ডিজি প্রকাশ্যে তরজা শুরু করে দেন। পরে দু'পক্ষের বিরোধগুলো চোখে আঙুল দিয়ে দেখিয়ে আলাদা প্রেস বিজ্ঞপ্তি দেয় বিএসএফ। সম্পর্ক যে কতটা তেতে আছে, তা একেবারে স্পষ্ট হয়ে যায়।

জঙ্গি প্রশিক্ষণ, অনুপ্রবেশ নিয়ে বিরোধ থাকলেও আপাতত ঢাকার ব্যাপারে নরম নীতি নিয়ে চলার পক্ষপাতী বিদেশ মন্ত্রক। লক্ষ্য, ইসলামাবাদের সঙ্গে ঢাকার ঘনিষ্ঠতা ঠেকানো। কিন্তু ভেতরে ভেতরে খালেদা জিয়া সরকারের প্রতি ভারতের বিরূপ মনোভাব কমেনি। সরকারি মহলের খবর, সম্প্রতি নিউ ইয়র্কে খালেদা জিয়ার সঙ্গে বৈঠকের প্রস্তাব এড়িয়ে গিয়েছিল ভারতীয় শিবির। আজকের ঘটনা সেই তিক্ততা বাড়িয়েই দেবে, সন্দেহ নেই।

ভারত-বিরোধী জঙ্গিরা বাংলাদেশে ঘাঁটি গেড়ে কাজকর্ম চালিয়ে যাচ্ছে, ঢাকার বিরুদ্ধে এই অভিযোগ বরাবরের। পাল্টা অভিযোগ করে ঢাকাও। অগস্টে বিস্ফোরণের জন্য ঠারেঠোরে ভারতকে দায়ীও করা হচ্ছিল ঢাকার কোনও কোনও মহল থেকে। কিন্তু দিল্লিতে এসে সরাসরি বাংলাদেশের সরকারি কোনও প্রতিনিধি এই অভিযোগ করতে পারেন, তা-ও ভারতের শীর্ষ পর্যায়ের কয়েক জন মন্ত্রী সে দেশে বন্ধুত্বের সফর সেরে আসার পরে, তা অপ্রত্যাশিতই ছিল।

বাংলাদেশে ভারতের উত্তর-পূর্বাঞ্চলের জঙ্গিদের মদতদান সংক্রান্ত প্রশ্ন শুনে আক্রমণাত্মক হয়ে ওঠেন জাহাঙ্গির। বাংলাদেশে ১৭ অগস্ট বিস্ফোরণের প্রসঙ্গ টেনে তিনি বলেন, "বাংলাদেশের মাটিতে এমন একটি জঙ্গি গোষ্ঠীরও অস্তিত্ব নেই। বরং অন্য উদাহরণ দিয়ে আপনাদের বলতে পারি, প্রতিবেশী দেশ থেকে অপরাধীরা এসে আমাদের দেশে নাশকতা করে যাচ্ছে। বিস্ফোরণের পরে আমরা খতিয়ে দেখেছি, আমাদের কোনও নাগরিক এ জন্য দায়ী নয়।" পরে তিনি স্পষ্ট করে বলেন, এই 'প্রতিবেশী' দেশ হল ভারত।

এর পর নয়ের পাতায়

দুষলেন বিডিআর কর্তা

প্রথম পাতার পর

সঙ্গে সঙ্গেই বিএসএফ কর্তা আর এস মুশাহারি বলেন, "বাংলাদেশের ৬৩টি জেলায় ৪১৭টি বিস্ফোরণ ঘটেছিল। ওই কাণ্ডে মুক্ত সন্দেহে ৫০০ ব্যক্তিকে গ্রেফতার করা হয়। তার মধ্যে গিয়াসুদ্দিন নামের একজনই ভারতীয়। তা-ও সে ১৭ বছর বাংলাদেশের বাসিন্দা। তাকে ভারতীয় বলা যায় না।" এর পরেই তিনি আলফা নেতাদের বাংলাদেশে আশ্রয় দেওয়ার অভিযোগ জানিয়ে বলেন, "অরবিন্দ রাজখোওয়া, পরেশ বরুয়া, অনুপ চেতিয়ার মতো নেতারা যে বাংলাদেশে রয়েছে তা গোটা বিশ্ব জানে। ঢাকাকে এই বিষয়ে তালিকা দিয়েছি।"

দু'দেশের মতবিরোধ স্পষ্ট হয়ে গিয়েছে ছ'মাস আগে সীমান্তে বিএসএফ-এর জওয়ানের হত্যাকাণ্ড নিয়েও। জাহাঙ্গির ভারতের অভিযোগ উড়িয়ে দিয়ে বলেন, ওই হত্যাকাণ্ডে বিডিআর জড়িত নয়। বিএসএফ-এর কর্তা সঙ্গে সঙ্গে এপ্রিলের ওই ঘটনার পুঙ্খানুপুঙ্খ বর্ণনা দেন। বলেন, ভারত তদন্ত করে দেখেছে বিডিআর জীবন কুমার নামে বিএসএফ-এর ওই অ্যাসিস্ট্যান্ট কম্যান্ড্যান্টকে পিছন থেকে গুলি করেছিল। দু'পক্ষের তিক্ততা অবশ্য এখানেই শেষ নয়। বিএসএফে একটি বিবৃতিতে রয়েছে আন্তঃসীমান্ত অপরাধ, চোরাচালান, অনুপ্রবেশ, বিডিআর-এর প্ররোচনাহীন গুলিগোলা চালানোর মতো অজস্র অভিযোগ। এমনকী, ভারত সফররত বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী ও আওয়ামি লিগ নেত্রী শেখ হাসিনাও বলেছেন, "কিছু ঘটলেই ভারতকে দোষ দেওয়া বাংলাদেশের স্বভাবে দাঁড়িয়ে গিয়েছে। বিএনপি সরকার সবকিছুতে আমাদের নামও জড়িয়ে দেয়।"

Now, Dhaka wants a deal

[illegible] Roy in Kolkata

KOLKATA, Sept. 27. — Agreement on the Indo-Bangla extradition treaty that would facilitate the deportation of militants may be reached during the Saarc summit in November, if New Delhi concedes Dhaka's demands on economic issues as a quid pro quo, Bangladeshi diplomats told The Statesman today.

"Talks on the extradition issue during the foreign minister Mr Natwar Singh's visit to Dhaka were positive. Our government has agreed, in principle, to the extradition treaty, but we need something in return too," a Bangladeshi official said.

Indian officials, though keen to push through the treaty, want Bangladesh to "de-link" the economic issues, insisting on "confidence building measures" from Bangladesh on India's security concerns first.

India has been pressing Dhaka to hand over Ulfa leader Anup Chetia, lodged in a Dhaka jail, and KLO leader Jiban Singh, and had been putting pressure on Bangladesh to dismantle ultra training training camps on its territory. The issue was raised at a meeting between the BSF and the BDR's top brass in New Delhi on Monday.

Earlier, the West Bengal chief minister raised the issue of KLO ultras during his talks with Bangladesh foreign minister Mr Morshed Khan. The former even offered to provide the fugitive's address in Dhaka. While Bangladesh has declined to hand over Chetia on legal and human rights grounds, it has denied any knowledge of KLO leaders' whereabouts and the existence of terror camps on its territory. But high-decibel acrimony between the neighbours notwithstanding, frosty ties seemed to have thawed in the talks over water.

Dhaka now, apparently, wants to convince the governments in Delhi and Kolkata about its sincerity in cracking down on Indian militants. It cited the recent arrests of Manipuri and Tripuri (NLFT) ultras from Kamalganj in Sylhet and Bandarban in Chittagong Hill Tracts, respectively. Bangladeshi officials also pointed to the ongoing operation against Maoists in that country. Maosits in Bangladesh have been coordinating and sharing information with their Indian counterparts. But then, Dhaka stops short of joint combing operations *a la* the India-Bhutan campaign that flushed out KLO-Ulfa extremists from the jungles of Bhutan.

While India is keen to keep its fingers crossed, Bangladesh is likely to mount pressure on Union commerce minister Mr Kamal Nath during his visit to Bangladesh in October over these issues.

At the top of Dhaka's agenda is the demand that Indian markets be opened up for Bangladeshi products to offset the trade imbalance.

Dhaka also wants New Delhi to concede a 20-mile corridor between Nepal and Bangladesh through north Bengal — in the Kakarvita-Changrabandha area — as well as allow Dhaka to get hydropower from Bhutan through India. In return, Dhaka would allow New Delhi to import natural gas from Myanmar through its territory.

BSF Director-General RS Mooshahary (left) meets his BDR counterpart Maj.-Gen. Jehangir Alam Choudhury in New Delhi on Tuesday. — PTI

BSF jawans hacked

KRISHNAGAR, Sept. 27. — Two BSF jawans were hacked to death with by some unidentified assailants early this morning. The victims — Ramesh Lal (26) of Jammu and Saligram Yadav (35) of Uttar Pradesh — were in charge of patrolling the Ilshamari border out post in Nadia's Tehatta PS bordering Bangladesh last night. Their bodies with multiple injuries, were recovered near the temporary shed at the side of the Ilshamari border road closed to the No. 71 pillar. The motive behind the murders have not yet been ascertained. — SNS

India, Bangla agree on coordinated patrolling

Statesman News Service

NEW DELHI, Sept. 27. — While the long pending issue of fencing the Indo-Bangla border in certain sensitive areas remained unresolved, India and Bangladesh today agreed to intensify their "coordinated patrolling" in the bordering areas to stop infiltration.

Both sides reached this agreement on the first day of the three-day bi-annual Director General-level conference between the BSF and BDR that began here today. Besides this, the Bangladesh government also agreed to initiate confidence building measures to strengthen relations between the two countries. Senior home ministry officials of both countries participated in the meeting.

The Indian government also handed over a list of 172 militant camps operating in the hilly terrain of Bangladesh and urged Dhaka to dismantle them.

Home ministry officials today admitted that the Bangladesh government had taken some action in the past six months after it submitted a long list of terrorist camps. They, however, maintained that the action taken against the militant camps is not 'sufficient' and Bangladesh government should further gear up its action against the militant camps mostly operating in the Chittagong areas.

"We will have more coordinated patrolling," BDR D-G Maj.-Gen. Jehangir Alam Choudhury said after the first day's meeting. Both sides also agreed to take steps to curb illegal migration and smuggling into these countries.

THE STATESMAN

Dhaka agrees on fencing

New Delhi hands BDR list of Bangla terror camps

RAJNISH Sharma
New Delhi, September 27

IN A move that might help resolve a longstanding dispute between India and Bangladesh, the Bangaldesh Rifles (BDR) on Tuesday agreed to "consider favourably" India's request for allowing fencing between 150 yards and zero line wherever there were "valid reasons".

So far, Bangladesh has strongly opposed any such attempts by India along the 4095-km long border, calling it a violation of the 1975 Boundary Agreement between the two countries.

Highly-placed home ministry sources said Bangladesh has assured that in "some areas, particularly residential pockets" they will consider India's request. This, they said, would benefit nearly 45,000 Indians in 600-odd villages along the Indo-Bangla border between the zero line and 150 yards.

The contentious issue was discussed at length on Tuesday during biannual talks between the director generals of BDR and BSF. The BDR delegation was led by Maj Gen Jehangir Alam Choudhury while the Indian side was headed by R.S. Mooshahary. India gave a detailed presentation on the issue to the BDR delegation. An example of Belonia village in Tripura, which is between the zero line and 150 yards, was given during the presentation. The BDR was told that if India puts up a fence outside 150 yards, such villages would not remain in its territory.

"The BDR assured that wherever there were such valid and special reasons, they would consider India's request favourably," a top home ministry official said.

The two sides have agreed to work on some more confidence building measures. India also handed over a list of 172 training camps of Northeast militants operating in Bangladesh.

PTI

Major-General Md Jahangir Alam Chowdhury, Director-General of Bangladesh Rifles, with BSF jawans during a guard of honour in New Delhi on Tuesday.

FORWARD MOVEMENT

THE ISSUE: At certain points along the 4095-km long border, India wants fencing to be allowed 150 yards within the zero line

CONTENTION: Bangladesh has all along opposed this, calling it a violation of the 1975 Boundary Agreement

BREAKTHROUGH: Now, they will consider India's request in some areas, particularly residential pockets. More than 45,000 Indians in 600-odd villages along the Indo-Bangla border stand to benefit from the move

THE HINDUSTAN TIMES

Bangladesh's fears on rivers interlinking allayed

Special Correspondent

NEW DELHI: India has informed Bangladesh that the United Progressive Alliance Government proposes to take up peninsular links under the inter-linking of rivers programme. There is no proposal to take up any Himalayan link as of now. If and when such a link would be undertaken, the concerns of the neighbouring countries would be kept in view.

The issue had come up in the just concluded 36th meeting of the Joint Rivers Commission (JRC) held in Dhaka from September 19 to 21.

Briefing mediapersons here on Monday, Union Water Resources Minister Priyaranjan Dasmunsi, who led the Indian delegation to Bangladesh, said he was taken aback at the extent of "disinformation" in that country on India's inter-linking programme. "There was even an apprehension that the river Brahmaputra would be linked with the Ken-Betwa link and reach Uttar Pradesh. We removed this misgiving," he said. Mr. Dasmunsi said India did not agree to a Bangladesh demand for including the subject of India's interlinking of rivers programme as part of the specific agenda. "It was discussed as a miscellaneous item."The Minister said Bangladesh also has different perception on the implementation of the Ganga Water Treaty between the two countries which was signed in 1996-97. The Indian side maintained that sharing of waters was as per the prescribed formula. Under this, the average receipts of water in the last nine years by Bangladesh had exceeded the flows indicated in the Treaty, while the flows received by India had been less than the prescribed "indicative flows." The two sides have now agreed to review the implementation of the treaty.

Sharing of Teesta waters

On the ticklish issue of sharing of Teesta river waters, the JRC recognised that the lean season flows would not meet the requirement of both the countries. While India wants the waters for irrigation, Bangladesh wants a share for navigation. The Secretary-level Joint Committee of Experts would meet to to determine the modalities and dependable flows for sharing between October and April based on the existing data. The Committee would report their findings to the JRC. Till then the Phase II should not be taken up, India said.

ঢাকার ক্ষেত্রে নরম হয়ে চলতে চায় দিল্লি

স্টাফ রিপোর্টার, নয়াদিল্লি, ২২ সেপ্টেম্বর: জঙ্গি ঘাঁটি, অনুপ্রবেশ-সহ বিভিন্ন বিষয়ে বিরোধ সত্ত্বেও বাংলাদেশের উপরে এখন আর সে ভাবে চাপ বাড়াতে রাজি নয় ভারত। ঢাকা-ইসলামাবাদ ঘনিষ্ঠতা বৃদ্ধির আশঙ্কায় বিদেশমন্ত্রক বিতর্কিত সব বিষয়েই খোলাখুলি আলোচনায় রাজি। বিশেষত সার্কের আগে এ বিষয়ে তৎপরতা বাড়ানো হচ্ছে। গত দেড় মাসের মধ্যে বিদেশমন্ত্রী, পেট্রোলিয়ামমন্ত্রী এবং জলসম্পদমন্ত্রীর পর পর সফরেই তা স্পষ্ট। এই অবস্থায় জল নিয়ে বাংলাদেশের অবিশ্বাস কিছুটা হলেও যে কাটানো গিয়েছে, তা দুই দেশকে কাছাকাছি এনেছে বলেই কেন্দ্র মনে করছে।

সরকারের একটা বড় অংশ চাইছে, ঢাকার সঙ্গে আর নরম নরম কথা নয়। বড় ধরনের চাপে না ফেললে বাংলাদেশের কট্টর মনোভাবের কোনও পরিবর্তন হবে না। মনমোহন সিংহ প্রধানমন্ত্রী হওয়ার পরে তৎকালীন জাতীয় নিরাপত্তা উপদেষ্টা, প্রয়াত জে এন দীক্ষিত এই মনোভাব নিয়েই শুরু করেছিলেন। কিন্তু সরকারি সূত্রে খবর, তখন বিদেশমন্ত্রকের দিগশূন্যতার কারণে বাংলাদেশ-নীতির কোনও সুস্পষ্ট অভিমুখ তৈরি হয়নি।

প্রতিরক্ষামন্ত্রী প্রণব মুখোপাধ্যায় বা বর্তমান জাতীয় নিরাপত্তা উপদেষ্টা এম কে নারায়ণনও বাংলাদেশ সম্পর্কে যথেষ্টই কড়া। বাংলাদেশের মাটিতে জঙ্গি কার্যকলাপ এবং অনুপ্রবেশ সমস্যায় সবচেয়ে বেশি ভুগছে পশ্চিমবঙ্গ এবং ত্রিপুরা। মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য এবং মানিক সরকার বার বার প্রধানমন্ত্রী মনমোহন সিংহের কাছে এ ব্যাপারে অভিযোগ জানিয়েছেন। তাঁরাও চান, কেন্দ্র এ বার বাংলাদেশের ক্ষেত্রে 'যথোচিত ব্যবস্থা' গ্রহণ করুক।

এর পরেও বিদেশমন্ত্রক সেই অর্থে ঢাকার উপর কোনও চাপ সৃষ্টি করছে না। মন্ত্রক সূত্রে বলা হচ্ছে, বাংলাদেশের উপরে চাপ সৃষ্টি করে তাঁদের একঘরে করে দেওয়া বুদ্ধিমানের কাজ নয়। কারণ বাংলাদেশ সে ক্ষেত্রে পাকিস্তানের সঙ্গে আরও বেশি দহরম-মহরম শুরু করবে। ভারত কিছুটা 'হার্ড লাইন' নেওয়ায় ঢাকা ইতিমধ্যেই পাকিস্তানের সঙ্গে ঘনিষ্ঠতা বাড়িয়েছে। দুই সরকারের শীর্ষস্তরে যাতায়াত এবং তথ্য আদানপ্রদানও বাড়ছে। মন্ত্রকের বক্তব্য, ভারত অবস্থান আরও কঠোর করলে ঢাকার সঙ্গে সম্পর্ক শুধরোনোর তুলনায় বিগড়ে যাওয়ার আশঙ্কাই বেশি। বাংলাদেশের প্রতি বিদেশমন্ত্রক শুধু যে নরম অবস্থান নিতে চাইছে তা নয়, সার্কের আগে এই পথে তৎপরতা আরও বাড়ানোর কৌশল নিয়েছে।

ইছামতী নিয়ে মতৈক্য, তিস্তা নিয়ে জট

শঙ্খদীপ দাস ● ঢাকা

২০ সেপ্টেম্বর: জল নিয়ে পারস্পরিক অবিশ্বাস আর ভুল বোঝাবুঝি কাটাতে এক ধাপ এগোল ভারত ও বাংলাদেশ।

যৌথ নদী কমিশনের দু'দিনের বৈঠকের পরে কিছুটা হলেও অনমনীয় মনোভাব ছাড়ার ইঙ্গিত দিয়েছে ঢাকা। দীর্ঘ দিনের অমীমাংসিত বিষয়গুলিতে সমঝোতার রাস্তা ক্রমশ প্রশস্ত হচ্ছে বলে আজ মন্তব্য করেছেন ভারতের জল সম্পদমন্ত্রী প্রিয়রঞ্জন দাশমুন্সি। বাংলাদেশের জলসম্পদ উন্নয়নমন্ত্রী হাফিজুদ্দিন আহমেদও স্বীকার করে নিয়েছেন, অতীতের তুলনায় এই দ্বিপাক্ষিক বৈঠক অনেকাংশেই ফলপ্রসূ।

মঙ্গলবার রাতে দু'দিনের বৈঠকের কার্যবিবরণী চূড়ান্ত করতে রাতেই বৈঠকে বসেছেন দু'দেশের জলসম্পদ উন্নয়নমন্ত্রী। জল নিয়ে দু'দেশের বোঝাপড়া অদূর ভবিষ্যতে আরও প্রসারিত হলে দক্ষিণবঙ্গে বন্যা-সমস্যার যে সমাধান সম্ভব, আজকের বৈঠক থেকে তার অনেকটাই ইঙ্গিত মিলেছে। যদিও তিস্তার জলবণ্টন নিয়ে এখনও কিছুটা মতভেদ রয়েছে দু'দেশের। বাংলাদেশ তিস্তার জলবণ্টন করার জন্য ভারতকে চাপ দিচ্ছে। ভারত এ প্রস্তাব মানতে নারাজ। তবে বৈঠকে বসার আগে হাফিজুদ্দিন নিজেই বলেছেন, তিস্তায় শুখা মরশুমে যে জল কম থাকে, এ কথা তাঁদের জানা। আর ঠিক এখানেই পাল্টা চাপ দেওয়ার সুযোগ পেয়েছে ভারত। প্রিয়রঞ্জন বলেছেন, অন্য সময় তিস্তায় যে জল কম থাকে এ কথা তো মন্ত্রী নিজেই স্বীকার করে নিয়েছেন। ফলে এখনই জলবণ্টনে রাজি নয় ভারত। কখন, কেমন জল থাকে, তা দেখার পরে আলোচনা হতে পারে বলে জানান তিনি। তিস্তার জলবণ্টন নিয়ে চুক্তি নয়, ভারত চায় বড়জোর ব্যবস্থা নেওয়া হোক, যাতে, ভবিষ্যতে, তিস্তার জলের পরিমাণ দেখে এ নিয়ে আলোচনা করা যেতে পারে। হাফিজের সঙ্গে চূড়ান্ত বৈঠকে বসার আগে তিস্তা নিয়ে মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যের সঙ্গেও কথা বলেছেন প্রিয়বাবু। মুখ্যমন্ত্রীর তরফে বলা হয়েছে, এ ব্যাপারে প্রিয়বাবু যা ভাল বুঝবেন, তাই করবেন।

তবে, তিস্তা প্রসঙ্গটুকু বাদ দিলে বাকিটা আগের তুলনায় অনেকটাই আলাদা। ইছামতীর বন্যা নিয়ে এ রাজ্যের দীর্ঘ দিনের দুর্ভোগ কাটাতে ইতিবাচক সিদ্ধান্ত নিতে ঢাকা সফরের আগে প্রিয়বাবুর কাছে মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য বারবার আর্জি জানিয়েছেন। এত দিন ঢাকার বক্তব্য ছিল, ইছামতীর দু'পারের জমি নিয়ে মীমাংসার পরে ড্রেজিং হবে। এই প্রশ্নেই আজ বরফ গলাতে অনেকটা সফল হয়েছে দিল্লি। বৈঠকে প্রিয়বাবুর প্রস্তাব মেনে ঠিক হয়েছে, ইছামতীর জমি জবরদখল নিয়ে বিতর্ক না বাড়িয়ে ঈদের পরে দুই মন্ত্রী সরেজমিনে পরিস্থিতি দেখে ড্রেজিং নিয়ে মীমাংসায় পৌঁছনোর চেষ্টা করবেন। যাতে পরের বছরের গোড়ায় ড্রেজিং-এর কাজ শুরু করা যায়।

দক্ষিণবঙ্গে বন্যা নিয়ন্ত্রণ নিয়ে আজকের বৈঠকে যেমন কিছুটা এগোনো গিয়েছে, ঠিক তেমনই ভারতের প্রস্তাবিত নদী সংযোগ প্রকল্প নিয়েও অনেকটা বাংলাদেশকে আশ্বস্ত করতে পেরেছে ভারত। নদী সংযোগ প্রকল্প নিয়ে বাংলাদেশে গত এক-দেড় বছর ধরে অপপ্রচারের ঝড় বইছিল। বাংলাদেশের ভুল ভাঙতে আজ তাদের আশ্বস্ত করেন প্রিয়বাবু। ত্রিপুরার টিপাইমুখ জলবিদ্যুৎ প্রকল্প নিয়েও আজ ঢাকাকে আশ্বস্ত করেছে দিল্লি। ঢাকার বিশ্বাস অর্জনে টিপাইমুখের নকশাও তাদের হাতে তুলে দেওয়ার প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। তবে, বাংলাদেশকে আজ এ-ও জানিয়ে দেওয়া হয়েছে, ভারত সার্বভৌম রাষ্ট্র। দেশের অভ্যন্তরীণ প্রকল্প নিয়ে আন্তর্জাতিক মঞ্চে ভবিষ্যতে আলোচনা হবে না।

বৈঠকের শেষে বাংলাদেশ যে কিছুটা হলেও নরম, হাফিজুদ্দিনের কথাতেই তা স্পষ্ট, "অমীমাংসার বিষয়গুলিতে দু'পক্ষই কয়েক ধাপ এগিয়েছে। ইছামতী নিয়েও খুব শীঘ্রই দু'পক্ষ অকুস্থলে গিয়ে দ্রুত সিদ্ধান্ত নেবে। তা ছাড়া, ভারতের নদীসংযোগ এবং টিপাইমুখ নিয়েও আমরা এখন আশ্বস্ত।" মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশের শরণার্থীদের আশ্রয় দিয়ে বিখ্যাত হয়ে ওঠা ত্রিপুরার বেলোনিয়া ও সাবরুমের সমস্যা নিয়ে বৈঠকে প্রবল ভাবে সরব ছিল ভারত। বেলোনিয়ায় ভাঙন আটকানোর কাজে বাধা দিচ্ছে বাংলাদেশ, অন্য দিকে সাবরুমে জল সরবরাহে নদী থেকে জল তোলায় তাদের আপত্তি। এ ব্যাপারে প্রিয়র আপত্তি মেনে এ প্রসঙ্গে ঢাকা পুরনো অবস্থান ছেড়ে সহযোগিতার আশ্বাস দিয়েছে। ভারত-বাংলাদেশের বর্তমান সম্পর্ক যে রকম স্পর্শকাতর জায়গায় দাঁড়িয়ে, সেখানে কিছু প্রশ্নে দু'দেশের মতৈক্য হওয়াকে বরফ গলার ইঙ্গিত বলেই মনে করছে কূটনৈতিক মহল।

জলবণ্টন, ভাঙন নিয়ে দ্বন্দ্বে প্রিয়র রফা-সূত্র মানল ঢাকা

শঙ্খদীপ দাস ● ঢাকা

১৯ সেপ্টেম্বর: অবস্থানে অনড় থেকেই যৌথ নদী কমিশনের বৈঠকের প্রথম দিনে ঢাকার ক্ষোভ কিছুটা প্রশমিত করতে পারলেন প্রিয়রঞ্জন দাশমুন্সি।

দীর্ঘ দু'বছর পরে এই বৈঠক হওয়ায় অভাব-অভিযোগ, দাবি-পাল্টা দাবি মিলিয়ে আলোচনা উত্তপ্ত হয়ে ওঠার আশঙ্কা ছিল যথেষ্টই। বৈঠকের শুরুতে বাগ্‌যুদ্ধের উপক্রমও হয়। কিন্তু নরমে-গরমে অবস্থা আয়ত্তে আনতে সক্ষম হন ভারতের জলসম্পদমন্ত্রী। এক দিকে তিনি যেমন দাবি করেন, জল নিয়ে ভারত-বিরোধিতা অবিলম্বে বন্ধ করুক ঢাকা, তেমনই বুঝিয়ে দেন, সমস্যা সমাধানে দিল্লি আন্তরিক। প্রয়োজনে বছরে দু'বার নদী কমিশনের বৈঠকের প্রস্তাবও তিনি দেন। আবার, ভারতের প্রস্তাবিত নদী সংযোগ প্রকল্প 'অভ্যন্তরীণ বিষয়' বলে তা বৈঠকের মূল আলোচ্যসূচিতে রাখার দাবি নাকচ করে দেন প্রিয়বাবু। তবে প্রতিবেশি দেশের আশঙ্কার কথা মাথায় রেখে বিষয়টি 'বিবিধ' আলোচ্যসূচিতে রাখায় আপত্তি জানানো হয়নি। শেষ পর্যন্ত গঙ্গার জল ছাড়া নিয়ে বাংলাদেশের ক্ষোভ বা ভাঙন রোধ নিয়ে দুই সীমান্ত রক্ষী বাহিনীর সংঘর্ষ— এই সব ক্ষেত্রে যে আপাত রফার সূত্র দেন প্রিয়বাবু, ঢাকা তা মেনে নিয়েছে।

বৈঠকের শুরুতে প্রিয়বাবু বলেন, "বাংলাদেশ জল নিয়ে ভারত-বিরোধিতা বন্ধ করুক। আমি খোলা মনে এসেছি। নয়াদিল্লি বাংলাদেশের প্রতি সহানুভূতিশীল। আমরা জল সংক্রান্ত সমস্যা ঝুলিয়ে রাখতে চাই না। মীমাংসা সূত্র খুঁজে বের করতে বছরে দু'বার বৈঠকেও আমাদের আপত্তি নেই।" প্রিয়বাবুর এই প্রস্তাবকে স্বাগত জানান বাংলাদেশের জলসম্পদমন্ত্রী হাফিজুদ্দিন আহমেদ। এর পরে ঘণ্টা খানেকের বৈঠকে ফরাক্কা দিয়ে জল ছাড়া সংক্রান্ত বিবাদ আপাত প্রশমনের রাস্তা বেরোয়।

যৌথ নদী কমিশনে বাংলাদেশের সদস্য তহিদুল আনোয়ার খান দাবি করেন, ফরাক্কার এ পারে হার্ডিঞ্জ সেতু পয়েন্টে অগস্ট মাসে গঙ্গায় জলপ্রবাহের পরিমাণ থাকে প্রায় ২৬ লক্ষ কিউসেক। মার্চ-এপ্রিলে প্রবাহ কমে গিয়ে ৩০-৩৫ হাজার কিউসেকে দাঁড়ায়। অভিযোগ, ভারতের তরফে জল ছাড়ার হেরফেরে সমস্যায় পড়ছে বাংলাদেশ।

কিন্তু ভারতের বক্তব্য, '৯৬ সালে ফরাক্কা চুক্তির পরে গত ন'বছরে বাংলাদেশ বরাবরই পর্যাপ্ত জল পেয়েছে। তাই ভারতের বিরুদ্ধে তর্জনী তোলা ঠিক নয়। বরং পরিসংখ্যান দেখা হোক। এ ক্ষেত্রে বাংলাদেশের কোনও সংশয় থাকলে যৌথ ভাবে বিষয়টি খতিয়ে দেখা যেতে পারে। এ জন্য একটি কমিটি গঠনের প্রস্তাব দেয় ভারত। বাংলাদেশ তা মেনে নিয়েছে।

বৈঠকে স্বাভাবিক ভাবেই উঠেছিল মালদহে ভাঙনের কাজ নিয়ে বিএসএফ-বিডিআর-এর সাম্প্রতিক সংঘর্ষের বিষয়টি। আলোচনার মাধ্যমে সে সমস্যা মেটাতে একমত হয় দু'দেশই। ঠিক হয়েছে, যে সব এলাকায় ভাঙনের কাজ নিয়ে বিএসএফ-বিডিআরের বিরোধ রয়েছে, সেখানে যৌথ আলোচনার মাধ্যমে আগামী এক মাসের মধ্যে মীমাংসার চেষ্টা হবে। যাতে জানুয়ারি মাসের গোড়াতেই ভাঙন রোধের কাজ শুরু করে দেওয়া সম্ভব হয়। অফিসার স্তরের আলোচনায় মীমাংসা না হলে মন্ত্রী পর্যায়ের বৈঠকে তা মেটানোর চেষ্টা হবে।

বাংলাদেশ এ দিন তিস্তা-সহ সাতটি নদীর জলবণ্টনের দাবি জানায়। এর মধ্যে উত্তরবঙ্গের তিনটি নদী— তিস্তা, ধরলা ও দুধকুমার আর ত্রিপুরার নদী রয়েছে চারটি— মনু, খোয়াই, গোমতী, মুহুরি। তবে ভারতের দাবি মেনে এই প্রসঙ্গ আগামিকালের জন্য তুলে রাখা হয়েছে। প্রিয়বাবু পরে জানান, তিস্তার অববাহিকার ৮৩ শতাংশ ভারতে। মাত্র ১৭ শতাংশ বাংলাদেশে। সুতরাং জল ভাগাভাগি হলে আনুপাতিক হিসাবেই হবে।

জলবণ্টন নিয়ে বৈঠকে দুই মন্ত্রীর নদী 'চেনার' হাল্কা প্রতিযোগিতাও ছিল। প্রিয়বাবুকে হাফিজুদ্দিন আহমেদ বলেন, "আপনি বড় দেশের মন্ত্রী। ব্যস্ত মানুষ। নদীর অবস্থা কোথায় কী, তা আপনার জানা নেই। আমি আমার ছোট দেশের নদীর অবস্থা সবই দেখেছি।" প্রিয়বাবুর পাল্টা জবাব, "আমি দিনাজপুরের ছেলে, নদীর ধারে বড় হয়েছি। গঙ্গা, মহানন্দার অবস্থা জানব না?"

ANANDABAZAR PATRIKA

Indo-Bangla river panel meet begins at Dhaka today

Statesman News Service

KOLKATA, Sept. 18. — With the 36th session of the Indo-Bangla joint river commission all set to begin in Dhaka from tomorrow for two days, both the sides cited different priorities indicating tough bargaining ahead as the water talks resume after two years.

For India, issues related to Ichhamati river in West Bengal is a "priority," said Union water resources minister Mr Priya Ranjan Das Munshi, before leaving for Dhaka this afternoon, along with a 14-member delegation. "For us, Icchamati is a priority. If Bangladesh is ready to cooperate with us on arresting land-erosion on the Indian side of Icchamati, we will definitely consider Bangladesh's demand for an agreement over sharing the waters of seven rivers," the minister said. He cited the issues of sharing the waters of Teesta, erosion of Mahanada, Bangladeshi opposition to the construction of Tipaimukh hydel power project at Assam's Barak valley, as well as inter-linking of Indian rivers, apart from the disputes over *char* lands in Tripura's Pheni and Muhuri rivers.

The first secretary of Bangladesh deputy high commission, Mr Shakil Ahmed Biswas, however, made it clear that his country's perspective was different. "Teesta, Tipaimukh and inter-river linking are our priorities," he pointed out.

While airing optimism about a "strong and friendly relation with Bangldesh and dissolution of misgivings over water-sharing in a scientific manner," Mr Das Munshi's confabulation with Bengal chief minister Mr Buddhadeb Bhattcharjee and his Tripura counterpart Mr Manik Sarkar, at Writers' Buildings today, revealed the hard bargaining that lies in store. The presence of the Indian high commissioner in Bangladesh, Mrs Beena Sikri, at Writers' aswell as the frontline mandarins of the state's bureaucracy underlined the inportance of the home work before the Dhaka meet.

THE STATESMAN

জলবণ্টনকে সামনে রেখে ঢাকা-দিল্লি দৌত্যে প্রিয়রঞ্জন

শঙ্খদীপ দাস ● নয়াদিল্লি

১৬ সেপ্টেম্বর: জলবণ্টনের বিষয়টি যাতে ভারত-বাংলাদেশ দ্বিপাক্ষিক সম্পর্কে প্রধান বাধা হয়ে না দাঁড়ায় তা সুনিশ্চিত করতে রবিবার ঢাকা সফরে যাচ্ছেন কেন্দ্রীয় জলসম্পদ উন্নয়ন মন্ত্রী প্রিয়রঞ্জন দাশমুন্সি। আপাতত ঢাকা-দিল্লির মধ্যে সীমান্তে তারের বেড়া, অনুপ্রবেশ ও নিরাপত্তা সংক্রান্ত একাধিক বিষয়ে চাপানউতোর চলছে। এর উপরে জলবণ্টনের বিষয়টিও যোগ করতে চায় না দিল্লি। কূটনৈতিক মহলের ধারণা, জলবণ্টনের বিষয়টিতে ঠান্ডা যুদ্ধ এড়ানো সম্ভব হলে দ্বিপাক্ষিক সম্পর্ক মজবুত ভিতে দাঁড় করানোর লক্ষ্যে অনেকটা এগিয়ে যাবে দু'পক্ষই।

দ্বিপাক্ষিক বৈঠকে যাওয়ার আগে আজ সকালে ইউ পি এ চেয়ারপার্সন সনিয়া গাঁধীর সঙ্গে দেখা করে প্রিয়বাবু তাঁর বাংলাদেশ সফরের কর্মসূচি জানান। সনিয়া প্রিয়বাবুকে বলেন, বাংলাদেশের সঙ্গে সম্পর্ক রীতিমতো স্পর্শকাতর বিষয়। সার্ক সম্মেলনের আগে জলবণ্টন নিয়ে সংঘাত কমাতে পারলে দ্বিপাক্ষিক সম্পর্কের উন্নতিতে সেটা হবে বেশ উল্লেখযোগ্য অগ্রগতি।

ঢাকায় ভারত-বাংলাদেশ যৌথ নদী কমিশনের বৈঠক শুরু হবে সোমবার। কিন্তু তার আগে রবিবার সকালে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য এবং ত্রিপুরার মুখ্যমন্ত্রী মানিক সরকারের সঙ্গে কলকাতায় বৈঠক করবেন প্রিয়বাবু। কারণ, প্রিয়র এই সফরের সঙ্গে ওতপ্রোত ভাবে জড়িয়ে রয়েছে পশ্চিমবঙ্গ ও ত্রিপুরার স্বার্থ।

কেন্দ্রীয় জলসম্পদ উন্নয়ন মন্ত্রী আজ জানান, বাংলাদেশের সঙ্গে জল-সংক্রান্ত যাবতীয় বিষয়ে অতীতে এই দুই রাজ্যের মতামত নেওয়া হয়নি। কিন্তু প্রধানমন্ত্রী মনমোহন সিংহ এবং ইউ পি এ চেয়ারপার্সন দু'জনেরই মত, পশ্চিমবঙ্গ ও ত্রিপুরার দৃষ্টিভঙ্গিকেও গুরুত্ব দেওয়া প্রয়োজন। পশ্চিমবঙ্গের সেচসচিব বি সরকার এবং কলকাতায় সীমান্ত রক্ষী বাহিনীর ডেপুটি ইনস্পেক্টর জেনারেল এ কে মিত্রকে এমনিতেই প্রতিনিধি দলে রাখা হয়েছে। তা ছাড়াও বুদ্ধদেববাবুর সঙ্গে কথা বলে রাজ্যের মত নেওয়া হবে।

জলবণ্টন মুখ্য বিষয় হলেও কেন্দ্রীয় জলসম্পদ উন্নয়ন মন্ত্রীর আসন্ন সফরের অন্য তাৎপর্যও রয়েছে। তাঁর ঢাকা সফর কার্যত ঢাকা-দিল্লি কূটনৈতিক দৌত্যেরই রূপ নিতে চলেছে। কারণ, জল নিয়ে আলোচনার পাশাপাশি বাংলাদেশের প্রধানমন্ত্রী খালেদা জিয়ার সঙ্গেও প্রিয়বাবুর বৈঠক হবে। বৈঠক হবে বিরোধী নেত্রী শেখ হাসিনার সঙ্গেও। স্বাভাবিক ভাবেই পারস্পরিক সম্পর্কের একাধিক প্রসঙ্গ ওঠার সমূহ সম্ভাবনা রয়েছে।

প্রিয়বাবু আজ জানান, গঙ্গা ও তিস্তার জলবণ্টন ছাড়াও ভারত যে প্রসঙ্গগুলি তুলবে সেগুলি হল—

● জলঢাকা, তোর্সা (দুধকুমার), মনু, খোয়াই, গুমতি ও মুহুরির সুষ্ঠু জলবণ্টন। ● তিপাইমুখ প্রকল্প পর্যালোচনা। ● মহানন্দা, নাগর, আত্রেয়ী, পুনর্ভবা, এবং করতোয়া নদীতে বাঁধের কাজের অগ্রগতি। ● মুহুরি ও ফেনি নদী উপত্যকায় ক্ষুদ্র সেচ প্রকল্প। ● ইছামতী উপত্যকায় বন্যা নিয়ন্ত্রণে যৌথ টাস্ক ফোর্সের কাজকর্ম পর্যালোচনা। ● দক্ষিণ-পশ্চিম বাংলাদেশ এবং সংলগ্ন পশ্চিমবঙ্গে বন্যা নিয়ন্ত্রণের জন্য যৌথ অ্যাকশন প্ল্যান তৈরি। ● বন্যার পূর্বাভাস ও সতর্কতা ব্যবস্থার ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতা। ● ইছামতী নদী গর্ভে পলির ভার কমিয়ে নাব্যতা বাড়ানো।

